

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩  
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.১৪.০১০.০২-০৯

প্রগতি

তারিখঃ ০২/১০/১৪২৫ বঃ  
১৫/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাভুক্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর নভেম্বর/২০১৮ এর মাসিক অগ্রগতির পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৬/১২/২০১৮ খ্রিঃ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ০৮(আট) প্রস্থে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ কর হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



০২/১০/১৪২৫  
(আশেক আহমেদ শিবলী)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা  
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪  
se\_coord@pwd.gov.bd

বরাবর

সিনিয়র সহকারী প্রধান  
পরিকল্পনা শাখা-২  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নভেম্বর, ২০১৮ মাসের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

সংস্থাঃ গণপূর্ত অধিদপ্তর

ক্রঃ নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
৩.১	চলতি ২০১৮-১৯ অর্থবছরের প্রকল্পসমূহের বার্ষিক ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুসরণপূর্বক প্রকল্পসমূহের কাজের গুণগত মান বজায় রেখে বিগত বছরগুলোতে অর্জিত আর্থিক অগ্রগতির ধারাবাহিকতায় সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নধীন জিওবি/কারিগরি সহায়তা/বৈদেশিক সাহায্য এবং স্ব-অর্থায়নভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে শতভাগ আর্থিক অগ্রগতি অর্জন নিশ্চিত করতে হবে।	গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের অবহিত করা হয়েছে। চলতি অর্থ বছরের উন্নয়ন প্রকল্পসমূহের বার্ষিক ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুসরণ পূর্বক কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্পসমূহের অনুকূলে শতভাগ আর্থিক অগ্রগতি অর্জনের লক্ষ্যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
৩.২	সকল সংস্থা জিওবি/প্রকল্প সাহায্যপুঁজি প্রকল্পসমূহের ৩য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	ইতোমধ্যে ৬টি প্রকল্পের ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট প্রকল্পের ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবনা প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের বলা হয়েছে।
৩.১১	গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন রমনাপার্কে এইচবিআরআই এর নির্মাণসামগ্রী দ্বারা একটি দৃষ্টিনন্দন স্থাপনা নির্মাণের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর ও এইচবিআরআই দ্বুত কার্যক্রম গ্রহণ করবে।	‘ঢাকাস্থ রমনা পার্কের অবকাঠামোগত উন্নয়ন এবং রমনা লেকসহ সার্বিক সৌন্দর্য বৃদ্ধিকরণ’ শীর্ষক প্রকল্পের আওতায় ১ টি স্থাপনা এইচবিআরআই এর নির্মাণসামগ্রী দ্বারা নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে।
৩.১৩	মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির বিষয়ে মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের চাহিদা সমন্বয় করে একটি প্রকল্প প্রস্তাব প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ে অধিন্ত সংস্থা সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বিত চাহিদা পাওয়া যায়নি। এ বিষয়ে মন্ত্রণালয়ের উদ্যোগে অধিন্ত সংস্থাসমূহের সমন্বয়ে সভা আহ্বান করা যেতে পারে।
৩.১৫	“Project Management Information System(PMIS)” শীর্ষক প্রকল্পের সফটওয়্যারের বিষয়ে আরো অধিক সংখ্যক প্রকল্প পরিচালককে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রকল্প পরিচালকদের তালিকাসহ মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিকে পত্র প্রেরণ করতে হবে।	অধিক সংখ্যক প্রকল্প পরিচালককে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প পরিচালকদের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

15/11/2018

(মোঃ মহসীন)

নির্বাহী প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, ঢাকা।

25/11/18